গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট
১২৫/এ, দারুস সালাম, এ.ডব্লিউ.চৌধুরী রোড, ঢাকা-১২১৬

স্মারক নম্বর : ১৫.৫৫.০০০০.৩০২.২৫.২৭০.২৬.৩৮০

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ / ০৭ সেপ্টেম্বর ২০২৬ খ্রি.

প্রশিক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

Mobile Journalism Course

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট ০৪ অক্টোবর থেকে ১৫ অক্টোবর ২০২৬ খ্রি.০২ সপ্তাহ মেয়াদে **Mobile Journalism Course** এর আয়োজন করতে যাচ্ছে। এ পাঠ্যধারায় Introduction to Mobile Journalism, Mobile Photography and Videography, Social Media and Distribution, Advanced Reporting Techniques, Editing and Post-Production. ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত থাকবে।

Mobile Journalism Course –এ অংশগ্রহণের জন্য আগ্রহী প্রার্থীদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। প্রার্থীদের অবশ্যই স্নাতক পাশ হতে হবে। জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট থেকে ২০০/- (দুইশত) টাকার বিনিময়ে নির্ধারিত আবেদনপত্র সংগ্রহ করতে হবে।

আগামী ০৬ সেপ্টেম্বর ২০২৬ হতে দপ্তর চলাকালীন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট থেকে আবেদনপত্র সংগ্রহ করা যাবে। আবেদনপত্রের সাথে আবেদনকারীর দুই কপি রঙ্গিন সত্যায়িত ছবি এবং সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে। আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ: **২৭ সেপ্টেম্বর ২০২৬ খ্রি.।**

এছাড়াও ইনস্টিটিউটের ওয়েবসাইট www.nimc.gov.bd থেকেও অনলাইনে বর্ণিত কাগজপত্রের Scanned Copy-সহ আবেদন করা যাবে।

২৮ সেপ্টেম্বর ২০২৬ তারিখ রোজ সোমবার সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে এবং মনোনীত প্রার্থীদের আগামী ০৪ অক্টোবর ২০২৬ **খ্রি. রোজ রবিবার** সকাল ০৯.০০ টার মধ্যে এ ইনস্টিটিউটে রিপোর্ট করতে হবে।

সাক্ষাৎকারে নির্বাচিত প্রার্থীদের কোর্স ফি বাবদ **৳ ২,০০০/= (দুই হাজার)** টাকা মাত্র **আয়ন-ব্যয়ন কর্মকর্তা, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট**- এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জমা দিতে হবে।

প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

০৭/০৯/২৬

(নাফিস আহমেদ)
পাঠ্যধারা পরিচালক
ও
সহকারী পরিচালক
ফোন : ০১৭২৬৩২১০৩৮